# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা ২য় পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২৪০

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

১। আধুনিক পদ্ধতিতে চাষের কারণে বাংলাদেশে স্বাদু ও লোনা পানিতে চাষ যোগ্য চিংড়ির ফলন বর্তমানে প্রায় দ্বিগুণ হয়েছে। কিন্তু সংরক্ষণ, পরিবহন ও বাজারজাতকরণের যথাযথ ব্যবস্থা না থাকায় দেশের চিংড়ি চাষিরা উৎপাদন বৃদ্ধির সেই সুফল থেকে বঞ্চিত হয়েছে।

ক. মৎস্য চাষ কাকে বলে? ১

খ. নিরাপদ মাছ সংরক্ষণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লেখিত চাষযোগ্য দু'ধরনের চিংড়ির বৈশিষ্ট্যগত তুলনা কর। ৩

ঘ. চিংড়ি চাষিদের উৎপাদন বৃদ্ধির সুফল থেকে বঞ্চিত হওয়ার কারণসমূহ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। লিটার পদ্ধতিতে পালনকৃত কলিম শেখের ব্রয়লার খামারটি প্রতি বছরই লোকসান গুনছে। প্রাণিসম্পদ কর্মকর্তা তার খামার পরিদর্শন পূর্বক উন্নত জাতের অভাব, অপর্যাপ্ত সুষম খাদ্য, রোগ প্রতিরোধের যথাযথ ব্যবস্থা না থাকাসহ মুরগি পালনে কলিম শেখের অজ্ঞতাকে খামারের লোকসানের কারণ হিসেবে চিহ্নিত করেন।

ক. লেয়ার কাকে বলে? ১

খ. মুরগি পালনের মুক্ত পদ্ধতি বলতে কী বোঝ? ২

গ. ব্রয়লার মুরগি পালনে উদ্দীপকে বর্ণিত পদ্ধতি সুবিধাজনক কেন– ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের পোল্ট্রি শিল্পের সম্ভাবনা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। গাভীর সংখ্যা বিবেচনাপূর্বক পশুসম্পদ কর্মকর্তার পরামর্শ অনুযায়ী সাইফুল ইসলাম তার ডেইরি খামারে দুই সারি বাসস্থান তৈরির সিদ্ধান্ত নেয়। পশুসম্পদ কর্মকর্তা তাকে এও বলেন, যে খামারে সফলতা লাভের জন্য শুধু উপযুক্ত বাসস্থান নয় বরং সুষম খাদ্য সরবরাহসহ রোগ প্রতিরোধের বিষয়টিও গুরুত্বপূর্ণ।

http://teachingbd.com

ক. ‘বকনা’ গরু কাকে বলে? ১


খ. গবাদিপশুর আঁশ জাতীয় খাদ্য বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত গাভীর বাসস্থান চিহ্নিত চিত্রসহ বর্ণনা কর। ৩

ঘ. গবাদি পশুপালনে পশুসম্পদ কর্মকর্তার শেষোক্ত উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :





ক. বনায়ন কাকে বলে? ১

খ. বৃক্ষের ‘ট্রেনিং’ ও ‘প্রুনিং’ এর মধ্যে পার্থক্য লেখ ২

গ. ১ এবং ২নং চিত্রের বনের বৈশিষ্ট্যগত তুলনা কর ৩

ঘ. চিত্র ২ এ বর্ণিত বনায়ন সফলভাবে বাস্তবায়নের উপায়সমূহ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৫। স্থান, মাটি, আবহাওয়া ও জলবায়ু, ঋণ প্রাপ্তি, উপকরণ সরবরাহ, পরিবহন ব্যবস্থা বিবেচনাপূর্বক মনিরামপুর গ্রামের কৃষকগণ মাঠ ফসলের খামার গড়ে তোলে এবং তাদের এ খামারটি সমবায়ের ভিত্তিতে পরিচালিত হয়।

ক. কৃষি ঋণ কী? ১

খ. মনিরামপুর গ্রামবাসীর খামারটি কোন ধরনের তা লেখ। ২

গ. খামার স্থাপনের পূর্বে উদ্দীপকের বর্ণিত বিবেচ্য বিষয়সমূহের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের কৃষির উন্নয়নে বর্ণিত প্রতিষ্ঠানটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৬। জলজ আগাছা দমন, সার ও চুন প্রয়োগ, সম্পূরক খাদ্য প্রয়োগের মতো বিষয়সমূহ যথাযথভাবে অনুসরণ করে আতিকুর ইসলাম কয়েক বছর যাবৎ তার পুকুরে লাভজনকভাবে রাজপুঁটি মাছ চাষ করে আসছে। তার সফলতায় উৎসাহী হয়ে গ্রামের অন্যরাও উক্ত মাছ চাষ করে সফলতা লাভ করে।

http://teachingbd.com

ক. ফাইটোপ্লাঙ্কটন কাকে বলে? ১

খ. তেলাপিয়া মাছের 'মানোসেক্স কালচার' করা হয় কেন তা বুঝিয়ে লেখ। ২

গ. লাভজনক মাছ চাষে আতিকুর ইসলামের অনুসরণকৃত কার্যক্রমসমূহের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের পেক্ষাপটে আতিকুর ইসলামের গৃহীত উদ্যোগের মূল্যায়ন কর। ৪

৭। নাইমুর হোসেনের বাড়ি বন্যাপ্রবণ এলাকায় হওয়ায় বিশেষ পদ্ধতিতে হাঁসের খামার পরিচালনা করে। হঠাৎ সে লক্ষ করল তার খামারের কিছু হাঁস সবুজাভ হলুদ বর্ণের মলত্যাগ করছে এবং হাঁসগুলির ঠোঁট নীল বর্ণ ধারণ করেছে।

ক. 'ডাকলিং' কাকে বলে? ১

খ. বাংলাদশে পাতিহাঁস পালন লাভজনক কেন তা বুঝিয়ে লেখ। ২

গ. নাইমুর হোসেনের খামারের হাঁসগুলো কোন রোগে আক্রান্ত হয়েছে তা উপযুক্ত লক্ষণসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে উদ্দীপকে বর্ণিত পদ্ধতিতে হাঁস পালনের উপযোগিতা বিশ্লেষণ কর। ৪

৮। বাংলাদেশের অর্থনীতিতে গৃহপালিত পশুর প্রয়োজনীয়তা ব্যাপক ও বহুমুখী। কিন্তু অনুন্নত জাত, রোগব্যাধির ব্যাপকতা, পশুখাদ্যের স্বল্পতা, প্রশিক্ষণের অভাব, প্রজনন ব্যবস্থার সীমাবদ্ধতাসহ নানাবিধ কারণে এদেশের পশুসম্পদের কাঙ্ক্ষিত উন্নয়ন ব্যাহত হচ্ছে।

ক. 'পাস্তুরাইজেশন' কাকে বলে? ১

খ. গাভীর বয়স কীভাবে দুধের উৎপাদনকে প্রভাবিত করে তা বুঝিয়ে লেখ। ২

গ. বাংলাদেশে পশুসম্পদ উন্নয়নের সমস্যা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সমস্যাসমূহ দূর করে বাংলাদেশের পশুসম্পদের কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব– এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

# কৃষিশিক্ষা ২য় পত্র

বিষয় কোড : ২৪০

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. নিচের কোনটি মাছ চাষের অন্তর্ভুক্ত?**
ক নাইলোটিকা খ ঝিনুক চাষ গ মুক্তা চাষ ঘ আজোলা চাষ

**২. মাছে শতকরা কতভাগ প্রোটিন থাকে?**
ক ১০-১৫ খ ১০-২০ গ ১৫-২৫ ঘ ২০-৩০

**৩. পানিতে ডুবন্ত উদ্ভিদ–**
i. পাতা ঝাঁঝি ii. নাজাস iii. টোপাপানা
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**▶ নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ। মাৎস্য হচ্ছে এদেশের প্রাকৃতিক সম্পদ। 'মাছে ভাতে বাঙালি' প্রবাদটি চলে আসছে সেই অতীত কাল থেকে।

**৪. উদ্দীপকে মাৎস্য বলতে কী বোঝানো হয়েছে?**
ক শুধু রুই মাছকে খ শুধু মাগুর মাছকে
গ মাছের সাথে সব জলজ প্রাণিকে ঘ ১০টি ব্রিগেড মাছকে

**৫. মাছে, ভাতে বাঙালি অর্থ–**
i. বাঙালির প্রিয় খাদ্য মাছ
ii. বাঙালির মাছ ছাড়া একবেলাও চলে না
iii. মাছ শুধুই আমিষের চাহিদা পূরণ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**৬. বাংলাদেশের মৎস্যজাত পণ্য রপ্তানির কত শতাংশ চিংড়ি থেকে আসে?**
ক ৪০ খ ৬৫ গ ৮০ ঘ ৯০

**৭. দেশি হাঁসের জাত কোনটি?**
ক সুরমা ভেলি খ জিনডিং গ রোয়েন ঘ মাসকোভি

**▶ নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
রাহেলা বেগম বাড়িতে লেগহর্ন, জিনডিং, সিলভার কিং জাতের পোল্ট্রি পালন করেন।

**৮. উদ্দীপকের তৃতীয় জাতটি পোল্ট্রির কোন জাতের অন্তর্ভুক্ত?**
ক হাঁস খ মুরগি গ কবুতর ঘ তিতির

**৯. রাহেলা বেগমের পালনকৃত ২য় জাতটি কেন জনপ্রিয়?**
ক মাৎস্য উৎপাদনের জন্য খ ডিম উৎপাদনের জন্য
গ চামড়া উৎপাদনের জন্য ঘ পালকের জন্য

**১০. ন্যূনতম কতটি গরু নিয়ে বাণিজ্যিক ফার্ম তৈরি করা উচিত?**
ক ২-৩টি খ ৩-৪টি গ ৪-৫টি ঘ ৫-৬৫টি

**১১. রাহেলা বেগম এর ১ম জাতটি পালনের উদ্দেশ্য–**
i. অল্প সময়ে পরিপক্বতা লাভ করে
ii. অধিক ডিম দেয় iii. কুঁচে হয় না এবং ডিমে তা দেয় না
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**১২. গরুর ব্যাকটেরিয়াজনিত রোগ কোনটি?**
ক কাউ পক্স খ জলাতঙ্ক গ বাদলা রোগ ঘ রক্ত আমাশয়

**১৩. আঁশ জাতীয় খাদ্য হলো–**
i. কাঁচা ঘাস ii. শুকনো খড় iii. ভুসি
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**১৪. হলস্টিন ফ্রিজিয়ান গরুর উৎপত্তিস্থান কোন দেশ?**
ক ইংল্যান্ড খ হল্যান্ড গ ভারত ঘ অস্ট্রেলিয়া

**১৫. ডেইরি ফার্মের দুধ থেকে তৈরি করা যায়–**
i. চিজ ii. বার্গার iii. ক্ষিরসা
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**১৬. সামাজিক বনায়নের সংজ্ঞা দিয়েছে কোন প্রতিষ্ঠান?**
ক ইউনেস্কো খ ইউনিসেফ গ বিশ্বব্যাংক ঘ WHO

**১৭. প্রাতিষ্ঠানিক বনের উদ্দেশ্য হলো–**
i. বনজ সম্পদের উৎপাদন বৃদ্ধি ii. ভূমিক্ষয় রোধ করা
iii. জলবায়ুর পরিবর্তনে বাধা দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**১৮. প্রুনিং করা হয় কোন ধরনের গাছে?**
ক ছোট গাছে খ মাঝারি বয়সের গাছে
গ চারা অবস্থায় ঘ পূর্ণবয়স্ক গাছে

**১৯. বাংলাদেশে কত সাল থেকে বৃক্ষমেলা শুরু হয়?**
ক ১৯৯২ খ ১৯৯৩ গ ১৯৯৪ ঘ ১৯৯৫

**২০. কোন মাসে বৃক্ষরোপণ পালন করা হয়?**
ক জুন মাসের ১ম সপ্তাহে খ জুলাই মাসের ১ম সপ্তাহে
গ আগস্ট মাসের ১ম সপ্তাহে ঘ সেপ্টেম্বর মাসের ১ম সপ্তাহে

**২১. দীর্ঘমেয়াদি কৃষি ঋণের সময়কাল কত?**
ক ২ বছরের নিচে খ ৩ বছরের উর্ধ্বে
গ ৫ বছরের নিচে ঘ ৫ বছরের উর্ধ্বে

**২২. কৃষিঋণ প্রদান করে–**
i. বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান ii. বেসরকারি প্রতিষ্ঠান
iii. স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**২৩. সমবায়ের গুণগতমান নষ্ট হওয়ার কারণ কী?**
ক কাঠামোবদ্ধ খ অবকাঠামোবদ্ধ
গ আইনবদ্ধ ঘ নিষ্ক্রিয়তা

**২৪. কৃষিপণ্য উৎপাদনের মূলবস্তু কী?**
ক কৃষি সমবায় খ কৃষি সমিতি গ কৃষিঋণ ঘ কৃষি উপকরণ

**২৫. ফসলের গুণগত মান নষ্ট হওয়ার কারণ–**
i. অনাবৃষ্টি ii. বন্যা iii. পরিমিতি আর্দ্রতা
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক |
| ১৪ | খ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | | |

http://teachingbd.com